দৈনিক ইত্তেফাক

81

তারিখ ...10 SEP 1984...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৮

# হবিগঞ্জে ছাত্র সংঘর্ষ ॥ বৃন্দাবন কলেজ বন্ধ ঘোষণা

হবিগঞ্জ হইতে ইত্তেফাক সংবাদদাতার ফোন: গতকাল (শনিবার) দুপুরে বৃন্দাবন সরকারী কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল ও

(১১শ পৃ: দ্রঃ)

## হবিগঞ্জে

(১ম পৃঃ পর)

জাসদ ছাত্রলীগ (মু-না) কর্মীদের মধ্যে এক সংঘর্ষের ফলে ৪ জন আহত হয়। ইহাদের মধ্যে ৩ জন ছাত্রলীগ কর্মী ও অপর ১ জন গ্রামবাসী। দুই দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় কলেজ এলাকায় ৫টি ককটেল বিস্ফোরিত হয়। একই সময়ে জেলা বিএনপি সভাপতি এডভোকেট আফরাজ আফগান চৌধুরীর বাসভবনে ১টি ককটেল নিক্ষিপ্ত হইলে ১ ব্যক্তি আহত হয়। ছাত্রদল অফিস তছনছ হয়। ঘটনার পর কলেজ অনির্দিষ্ট-কালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। থানায় মামলা।